Bangladesh Association of International Recruiting Agencies
(BAIRA)

(ই-মেইল ও হোয়াটসঅ্যাপ গ্রুপ যোগে প্রেরিত)

স্মারক নং: বায়রা/৩(৯)/২০২৫/০৬৪

তারিখঃ ২৮ মাঘ ১৪৩১
১১ ফেব্রুয়ারি ২০২৫

প্রাপক :
**সম্মানিত সদস্য (সকল)**
বায়রা।

**বিষয়ঃ বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ প্রেরণ সংক্রান্ত।**

সূত্র: মন্ত্রণালয়ের স্মারক নং-৪৯.০০.০০০০.০০০.০২.০০১.২০.১২, তারিখ: ২৭ জানুয়ারি ২০২৫ খ্রি. (সংযুক্তি)

মহোদয়,
আস্-সালামু আলাইকুম ওয়ারাহমাতুল্লাহ্।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সদয় জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ এদতসংগে প্রেরণ পূর্বক সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, প্রজ্ঞাপনটি সরকারী মুদ্রণালয়ের নিম্নোক্ত লিংক হতে ডাউনলোড করা যাবে।
https://www.dpp.gov.bd/upload_file/gazettes/56236_96727.pdf

সংযুক্তি: ৫ পাতা, বর্ণনামতে।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব, বায়রা।

অনুলিপিঃ

১। সম্মানিত সভাপতি/মহাসচিব, বায়রা।
২। নোটিশ বোর্ড (বায়রা ও ডাটাবেজ)/ওয়েবসাইট (www.baira.org.bd)।
৩। অফিস কপি।

BAIRA BHABAN: 130, New Eskaton Road, Dhaka-1000, Bangladesh. Tel: +88-02-41032136-38, Fax: +88-02-41032144
E-mail: baira1984@gmail.com, info@baira.org.bd, Web: www.baira.org.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা,
ঢাকা-১০০০
আইন প্রণয়ন শাখা
www.probashi.gov.bd

| বায়রা সচিবালয়, ঢাকা | |
|---|---|
| সম্মানিত সভাপতি/মহাসচিব/ অর্থসচিব/.............. | সচিব |
| ম্যানেজার/ওএস/এসও/এও/ আইটিও/.................. | |
| রিসেপশনিষ্ট | |
| ডকেট/ডায়েরী নং | 21.7 |
| তারিখ ও সময় | 11/2/25 |

স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.০০০.০২.০০১.২০.১২

তারিখ: ১৩ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
২৭ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী অধ্যাদেশ, ২০২৪ প্রেরণ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৮ নং আইন) এর আওতায় কতিপয় অপরাধের ক্ষেত্রে আইনের নতুন ধারা সংযোজনপূর্বক মোবাইল কোর্টের এখতিয়ার বৃদ্ধির লক্ষ্যে উল্লিখিত আইন সংশোধনপূর্বক গত ১৮ নভেম্বর, ২০২৪ খ্রি. তারিখে বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী অধ্যাদেশ, ২০২৪ জারি করা হয়।

০২। বর্ণিতাবস্থায়, জারিকৃত বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী অধ্যাদেশ, ২০২৪ এর অনুলিপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২৭-০১-২০২৫
সায়রা পারভীন
উপসচিব

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৩। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৪। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৫। সিনিয়র সচিব, সিনিয়র সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ।
৬। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ।
৭। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, শিল্প মন্ত্রণালয়।
৮। গভর্নর, বাংলাদেশ ব্যাংক।
৯। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র সচিবের দপ্তর, পররাষ্ট্র মন্ত্রণালয়।
১০। সচিব, সচিবের দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়।

১১। সচিব, সচিব মহোদয়ের দপ্তর, পরিকল্পনা বিভাগ।
১২। সচিব, সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।
১৩। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ।
১৪। সচিব, সচিবের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৫। সচিব, সচিবের দপ্তর, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
১৬। সচিব , সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
১৭। সচিব, সচিবের দপ্তর, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
১৮। সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
১৯। সচিব, সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
২০। সচিব, সচিবের দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
২১। সচিব, সচিবের দপ্তর, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
২২। সচিব, সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়।
২৩। সচিব, সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
২৪। সচিব, সচিবের দপ্তর, আইন ও বিচার বিভাগ।
২৫। সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ।
২৬। সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
২৭। সচিব, সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
২৮। সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ।
২৯। নির্বাহী চেয়ারম্যান, নির্বাহী চেয়ারম্যান এর দপ্তর, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ।
৩০। মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর।
৩১। মহাপরিচালক (গ্রেড-১), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
৩২। চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৩৩। মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
৩৪। ব্যবস্হাপনা পরিচালক, বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)।
৩৫। ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, ।
৩৬। অনুবিভাগ প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩৭। সচিব, বায়রা।
৩৮। কান্ট্রিডিরেক্টর, আইএলও, বাংলাদেশ।
৩৯। চীফ অব মিশন, আইওএম, বাংলাদেশ।
৪০। কান্ট্রি কো-অর্ডিনেটর, আইসিএমপিডি, বাংলাদেশ।
৪১। হেড, ব্র্যাক মাইগ্রেশন প্রোগ্রাম, ব্র্যাক, বাংলাদেশ।
৪২। নির্বাহী পরিচালক, বাংলাদেশ নারী শ্রমিক কেন্দ্র (BNSK), মোহাম্মদপুর, ঢাকা।
৪৩। কো-অর্ডিনেটর, রামরু (RMMRU), ঢাকা।
৪৪। চেয়ারম্যান, ওয়ারবি ডেভেলপমেন্ট ফাউন্ডেশন, ঢাকা।
৪৫। চেয়ারম্যান, অভিবাসী কর্মী উন্নয়ন প্রোগ্রাম (OKUP), ঢাকা।
৪৬। সিনিয়র সোশাল প্রটেকশন ইকোনোমিস্ট, ওয়ার্ল্ড ব্যাংক বাংলাদেশ।
৪৭। প্রতিনিধি, সুইস এজেন্সি ফর ডেভেলপমেন্ট অ্যান্ড কোঅপারেশন।

স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.০০০.০২.০০১.২০.১২/১ (৪)

তারিখ: ১৩ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
২৭ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব ), সচিবের দপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব

মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। ব্যক্তিগত কর্মকর্তা, গবেষণা ও নীতি অনুবিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

৪। অফিস কপি।

২৭-০১-২০২৫
সায়রা পারভীন
উপসচিব

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ১৮, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ

মুদ্রণ ও প্রকাশনা শাখা

বিজ্ঞপ্তি

তারিখ: ০৩ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ/ ১৮ নভেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ।

নং ১৩ (মু: প্র:)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ০৩ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ/ ১৮ নভেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লিখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

অধ্যাদেশ নং- ১৩, ২০২৪

বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৮ নং আইন) এর অধিকতর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;



মূল্য : টাকা ৪.০০

যেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারি করিলেন :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই অধ্যাদেশ বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **২০১৩ সনের ৪৮ নং আইনে নূতন ধারা ৩৫ক এর সন্নিবেশ।**—বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩, অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩৫ এর পর নিম্নরূপ নূতন ধারা ৩৫ক সন্নিবেশিত হইবে, যথা :—

> "৩৫ক। **অন্যান্য অপরাধের দন্ড।**—কোন ব্যক্তি যদি এই আইনের এইরূপ কোন বিধান লঙ্ঘন করেন, যেক্ষেত্রে এই আইনে সুনির্দিষ্টভাবে দন্ডের বিধান উল্লেখ নাই, তাহা হইলে উক্ত ক্ষেত্রে তিনি অনধিক ৬ (ছয়) মাস কারাদন্ড অথবা অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদন্ড অথবা উভয় দন্ডে দন্ডিত হইবেন।"।

৩। **২০১৩ সনের ৪৮ নং আইনের ধারা ৩৯ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৩৯ এ উল্লিখিত "ধারা ৩২, ৩৩ক ও ৩৫" শব্দগুলি, সংখ্যাগুলি, কমা ও বর্ণের পরিবর্তে "ধারা ৩২, ৩৩ক, ৩৫ ও ৩৫ক" শব্দগুলি, সংখ্যাগুলি, কমাগুলি ও বর্ণগুলি প্রতিস্থাপিত হইবে।

৪। **২০১৩ সনের ৪৮ নং আইনের ধারা ৪০ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৪০ এ উল্লিখিত "ধারা ৩২, ৩৩ক এবং ৩৫" শব্দগুলি, সংখ্যাগুলি, কমা ও বর্ণের পরিবর্তে "ধারা ৩২, ৩৩ক, ৩৫ ও ৩৫ক" শব্দগুলি, সংখ্যাগুলি, কমাগুলি ও বর্ণগুলি প্রতিস্থাপিত হইবে।

মোঃ সাহাবুদ্দিন
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

তারিখ: ০৩ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ
১৮ নভেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

ড. হাফিজ আহমেদ চৌধুরী
সচিব (চলতি দায়িত্ব)

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd